

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৫২০০.০৪২.১৪.০৯৮.১৭.২৫৬

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
৩ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ লালমনিরহাট জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ লালমনিরহাট জেলা পরিষদের স্মারক নং-জেপ-লাল/২০১৮/৮০, তারিখঃ ১১/৩/২০১৮।

লালমনিরহাট জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকায় গৃহীত ৬৯টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৭, ২০ এ বর্ণিত প্রকল্প ২টি ব্যতীত অবশিষ্ট ৯৬,০০,০০০/- (ছিয়ানব্বই লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৬৭টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৩) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৪) নলকূপসমূহ ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ যাতে সুপেয় পানির সুবিধা ভোগ করতে পারে এরূপ স্থানে স্থাপন করতে হবে;
- ৫) সেলাই মেশিন বিতরণের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে সেলাই মেশিন বিতরণ করতে হবে;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে "জেলা পরিষদ লালমনিরহাট এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত" বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J.A.
০৩/০৩/২০১৮
(ড. জুলিয়া মঈন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, লালমনিরহাট।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।